



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপপরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, চট্টগ্রাম অঞ্চল  
এবং  
নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড  
এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৮-জুন ৩০, ২০১৯

## সূচিপত্র

|  | পৃষ্ঠা নং |
|--|-----------|
| কর্মসম্পাদনের সার্বিক চিত্র  | ০৩        |
| উপক্রমণিকা   | ০৪        |
| সেকশন ১: রূপকল্প (Vision), অভিলক্ষ (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলী              | ০৫        |
| সেকশন ২: বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)                          | ০৬        |
| সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন এবং লক্ষ্যমাত্রাসমূহ            | ০৭        |
| মাঠ পর্যায়ের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ  | ০৮-১০     |
| সংযোজনী ১: শব্দ সংক্ষেপ (Acronyms)   | ১২        |
| সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী উইং/অফিস/ইউনিট/প্রকল্প এবং পরিমাপ পদ্ধতি     | ১৩-১৪     |
| সংযোজনী ৩: অন্যান্য প্রতিষ্ঠানের/বিভাগের নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ | ১৫        |

## কর্মসম্পাদনের সার্বিক চিত্র (Overview Performance)

### সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনাঃ

#### সাম্প্রতিক বছর সমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ

তুলা উন্নয়ন বোর্ড, চট্টগ্রাম অঞ্চল তুলার উৎপাদন বৃদ্ধিতে ব্যবহৃত বিভিন্ন প্রযুক্তির প্রদর্শনী প্লট স্থাপন, তুলা চাষ সম্প্রসারণ, বীজতুলা উৎপাদন, জিনিং, বীজ উৎপাদন, বীজ প্রক্রিয়াজাতকরণ, বীজ বিতরণ, বাজারজাতকরণ, ঋণ বিতরণে সহায়তা প্রদান সহ তুলা চাষী এবং মাঠকর্মীদের প্রশিক্ষণ প্রদান প্রভৃতি কার্যক্রম বাস্তবায়নে সহযোগিতা করে আসছে। এঅঞ্চলের তদারকীর আওতাধীন ০৩ (তিন) টি পার্বত্য জোন রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবানের অনুকূলে বিগত ০৩(তিন) বছরে (২০১৫-১৬ থেকে ২০১৭-১৮) বিভিন্ন প্রযুক্তি প্রদর্শণীর আওতায় ১৩১.৬৬ হেক্টর, প্রত্যাশিত মানের বীজ উৎপাদন কর্মসূচীর আওতায় ১২২.৯৬ মে. টন এবং সাধারণ চাষের আওতায় ৫১,৬৪২ হেক্টর জমিতে তুলার আবাদ করে প্রায় ১৪,১৯৪ মেট্রিক টন বীজতুলা উৎপাদন করা হয়েছে। একক ফসল হিসাবে, জুমের সাথে এবং ধানের সাথে আন্তঃ ফসল হিসাবে পাহাড়ের ঢাল ও ভ্যালিতে এ তুলা আবাদ করা হয়। এ সময়ে মোট ৪৭.৭৭ মেট্রিক টন তুলা বীজ চাষীদের মাঝে বিনা মূল্যে বিতরণ করা হয়। মাঠ গবেষনার আওতায় এ সময়ে অত্র অঞ্চলের উপযোগী পাহাড়ের ঢাল জমিতে ধানের সাথে সমভূমি তুলার (*Gossypium hirsutum*) আন্তঃচাষের ০১(এক) টি প্রযুক্তি চালু ছিল।

#### সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ

তুলা দীর্ঘ মেয়াদী (৬-৭ মাস) পোকা মাকড় সংবেদনশীল একটি ফসল, মাটির প্রকৃতি একই ধরনের হওয়ায় তুলা ফসলকে শাক-সবজি সহ অন্যান্য উচ্চমূল্যের ফসলের সাথে তীব্র প্রতিযোগিতা করে টিকে থাকতে হয়। স্থানীয় পর্যায়ে শক্তিশালী বেসরকারী জিনিং ও ওয়েল মেশিনারিজ না থাকার ফলে তুলা বাজারজাতকরণে সমস্যা। পাহাড়ী এলাকায় যোগাযোগের এবং সেচের ব্যবস্থা অত্যন্ত অপ্রতুল, বৃষ্টি নির্ভর আবাদ, প্রায়ই ক্ষরা, অনাবৃষ্টি, অতিবৃষ্টি, ভূমিধস বা পাহাড়ী ঢলে ফসল ক্ষতিগ্রস্ত হয়, উঠতি ফসল প্রায়স বন্য পশুপ্রাণী, কীট পতঙ্গ দ্বারা আক্রমণ হয়। এখানকার মাটি অনুর্বর এবং অসম প্রকৃতির হওয়ায় উচ্চ ফলন অর্জন করা কষ্টকর। অধিকাংশ পাহাড়ী চাষীগণ অত্যন্ত গরীব, বিভিন্ন ভাষাভাষী এবং ঐতিহ্যগত ভাবে জুম চাষে অভ্যস্ত এবং আধুনিক চাষাবাদ সম্পর্কে তাদের প্রশিক্ষণের অভাব। লাগসই প্রযুক্তি গ্রহণে চাষীদের অক্ষমতা। ইউনিট, জোন এবং আঞ্চলিক পর্যায়ে উপযুক্ত যানবাহন, অন্যান্য লজিস্টিক সাপোর্ট ও জনবল সহ সম্প্রসারণ কাজের সুযোগ সুবিধার অভাব রয়েছে। মাঠ পর্যায়ে ভ্রমণ ভাতা প্রয়োজনের তুলনায় খুবই অপ্রতুল। তুলা উন্নয়ন বোর্ডের সর্বোচ্চ কর্মকর্তা হতে মাঠকর্মী পর্যন্ত সকল স্তরে সকল আর্থিক, প্রশাসনিক ও কারিগরী কার্যক্রম সমূহ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে, দেশে/বিদেশে প্রশিক্ষণ মনোনয়ন সমতা বাস্তবায়ন/বিধি মোতাবেক করা জরুরী। এক্ষেত্রে মাঠ পর্যায়ে নির্দেশনা বাস্তবায়ন, নিয়ন্ত্রণ, লোকবল নিয়োগ, বদলী, ভ্রমণ, ছুটি সহ বিভিন্ন কর্মসূচী বাস্তবায়নের বিভিন্ন পর্যায়ে অধিকতর সমন্বয়ের প্রয়োজন। তুলা উন্নয়ন বোর্ডের প্রস্তাবিত অর্গানোগ্রাম ও নিয়োগবিধি অনুমোদন এবং জৈষ্ঠতার তালিকাকরণে অনিহা বিষয় সমূহ বিলম্বিত হওয়ায় জনবল নিয়োগ ও পদোন্নতি না হওয়ায় স্বাভাবিক কার্যক্রম বাধাগ্রস্ত হচ্ছে।

#### ভবিষ্যৎ পরিকল্পনা

চলতি ২০১৭-১৮ সাল নাগাদ ১৭২২০.০০ হে. জমিতে তুলা আবাদ করে ৪৮২৫ মে.টন বীজতুলা এবং আগামী ২০১৮-১৯ সাল নাগাদ ১৭২২০.০০ হে. জমিতে তুলা আবাদ করে ৫০০০ মে.টন বীজতুলা উৎপাদনের পরিকল্পনা করা হয়েছে। এক্ষেত্রে পাহাড়ের ঢাল জমিতে একক তুলা ফসল সহ ধান-তুলার আন্তঃফসলের আওতায় সমভূমি জাতের তুলার আবাদ বৃদ্ধি করার ক্ষেত্রে বেশী গুরুত্ব আরোপ করা হবে। তুলা চাষী ও মাঠকর্মীদের মান সম্পন্ন আরও অধিক প্রশিক্ষণের ব্যবস্থাকরণ। পাহাড়ী তুলা গবেষণা কেন্দ্র ও উপকেন্দ্র সমূহের অবকাঠামো ও স্থাপনা সমূহ পুনঃমেরামত, পুনঃনির্মাণ, লোকবল পুনঃবিন্যাসের মাধ্যমে সক্রিয় করণের সুবিধার্থে অত্র অঞ্চলে তুলা চাষ বৃদ্ধির জন্য মাঠ পর্যায়ের মৌলিক চাহিদা সমূহ প্রনয়ন পূর্বক সে ব্যাপারে কর্মসূচী প্রদানের প্রস্তাব সদর দপ্তরে প্রেরণ করা। তুলা চাষ উপযোগী তামাকের জমি সনাক্ত পূর্বক তামাক এলাকা সমূহে তুলার প্রদর্শনী প্লট স্থাপনে অগ্রাধিকার প্রদান এবং তামাকের জমি তুলা ভিত্তিক ফসল বিন্যাসের আওতায় আনার জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা।

#### ২০১৮-১৯ মৌসুমে সম্ভাব্য অর্জনসমূহ

- ২০১৮-১৯ মৌসুমে পাহাড়ী চাষীদের ১৭,২২০ হে. জমিতে তুলার আবাদ করে প্রায় ৫,০০০ মে.টন বীজতুলা উৎপাদন করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।
- ইতো পূর্বে উদ্ভাবিত পাহাড়ের ঢাল জমিতে ধানের সাথে সমভূমি তুলা আবাদের জন্য প্রয়োজনীয় একটি প্রযুক্তি (এক লাইন তুলা + দুই লাইন ধান) চাষীর মাঠে প্রদর্শনী পর্যায়ে বাস্তবায়নাধীন আছে।
- উন্নয়ন প্রকল্পের আওতায় ধান+তুলা আন্তঃফসল চাষ পদ্ধতির উপর বাস্তবায়নাধীন পার্টিসিপেটরী রিসার্চ ট্রয়ালে “দুই লাইন তুলা তিন লাইন ধান” ব্যবস্থাটি অন্যান্য ব্যবস্থা থেকে অধিক আশা ব্যঞ্জক ফলাফল প্রদর্শন করেছে বিধায় এ প্রযুক্তিটির প্রদর্শনী স্থাপনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।
- পাহাড়ের উপত্যকায়, বিভিন্ন নদী ও ছড়ার পারে অবস্থিত উচ্চ সমতল জমিতে আপল্যান্ড তুলার চাষ সম্প্রসারণের কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে।
- বীজ উৎপাদনের জন্য প্রায় ২২.৪ হে: জমিতে তুলা চাষ করে প্রায় ১৮.৫ মে.টন বীজ উৎপাদনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।
- পার্টিসিপেটরী ট্রয়াল সহ বিভিন্ন প্রযুক্তি প্রদর্শনী আবাদ করায়, অত্র এলাকার চাষীদের মাঝে ঢালু ও সমতল উভয় ধরনের জমিতে আপল্যান্ড তুলার আবাদে উল্লেখযোগ্য উৎসাহ ব্যঞ্জক সারা পাওয়া যাচ্ছে।
- কৃষককে ব্যাংক ঋণ প্রাপ্তিতে সহায়তা প্রদান।

## উপক্রমণিকা (Preamble)

তুলা উন্নয়ন বোর্ডের আওতাধীন চট্টগ্রাম অঞ্চল এর উপ-পরিচালক

এবং

কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন তুলা উন্নয়ন বোর্ডের নির্বাহী পরিচালক

এর মধ্যে

২০১৮ সালের জুন মাসের ২০. তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হলো

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্ন লিখিত বিষয়সমূহে সম্মত হলেনঃ

### ১.১ রূপকল্প (Vision):

তুলা ও তুলা ফসলের উপজাত এর উৎপাদন বৃদ্ধিকরণের মাধ্যমে স্বনির্ভরতা অর্জন।

### ১.২ অভিলক্ষ্য (Mission):

গবেষকের মাধ্যমে জলবায়ু উপযোগী ও কৃষকের চাহিদা অনুযায়ী প্রযুক্তি উদ্ভাবন, মানসম্পন্ন উচ্চফলনশীল জাতের বীজ সরবরাহ, বিদ্যমান চাষ এলাকার পাশাপাশি দেশের স্বল্প উৎপাদনশীল জমিতে তুলা চাষ সম্প্রসারণ ও বাজারজাতকরণে সহায়তার মাধ্যমে তুলার উৎপাদন বৃদ্ধি।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

#### ১.৩.১ সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ:

১. তুলা উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি;
২. তুলাবীজ সরবরাহ ও সহজলভ্যতা বৃদ্ধি।

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ:

১. দক্ষতার সংগে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন;
২. কার্যপদ্ধতি কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন;
৩. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন;
৪. তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ;
৫. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন।

### ১.৪ কার্যাবলী (Activities):

১. বিভিন্ন কৃষি পরিবেশ অঞ্চলে প্রয়োগ উপযোগী পরিবেশ বান্ধব স্বল্প ব্যয়ের প্রযুক্তি উদ্ভাবনের জন্য মৌলিক, উপযোগী এবং প্রায়োগিক গবেষণা পরিচালনা করা;
২. প্রশিক্ষণ, পার্টিসিপেটরী রিসার্চ, প্রদর্শনী, মাঠদিবস ইত্যাদির মাধ্যমে চাষী পর্যায়ে তুলা চাষের আধুনিক কলা-কৌশল হস্তান্তর ও বিস্তার করা;
৩. তুলাচাষের জন্য চাষীদের উদ্বুদ্ধ করা এবং তুলার ফলন বৃদ্ধির লক্ষ্যে আধুনিক প্রযুক্তি চাষীদের নিকট হস্তান্তরের জন্য সম্প্রসারণ কার্যক্রম পরিচালনা;
৪. কৃষাণ-কৃষাণীদের বিভিন্ন উপকরণ (উন্নত জাতের বীজ, সার, কীটনাশক প্রভৃতি) দিয়ে সহায়তা প্রদান;
৫. বীজতুলার জিনিং ও মার্কেটিং;
৬. কৃষক হতে জিনার কর্তৃক বেসরকারীভাবে বীজতুলা বাজারজাতকরণে এবং এর উপজাত (তৈল ও খৈল) প্রক্রিয়াকরণে উৎসাহ প্রদান;
৭. তুলাচাষীদের ঋণ প্রাপ্তিতে সহায়তা প্রদান;
৮. বরেন্দ্র, খরা, লবনাক্ত অঞ্চল ও দুই পাহাড়ের উপত্যকায় তুলা চাষ সম্প্রসারণ কার্যক্রম বাস্তবায়ন;
৯. বেসরকারী বীজ কোম্পানী কর্তৃক উৎপাদিত হাইব্রীড জাতের তুলা মাঠ পর্যায়ে সম্প্রসারণে এবং
১০. তুলার সবচেয়ে ক্ষতিকর পোকা আমেরিকান বোলওয়ান্ড প্রতিকারী Bt Cotton জাত প্রবর্তন ও সম্প্রসারণ করা।

সেকশন -২

কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রা সমূহ

| চূড়ান্ত ফলাফল/প্রভাব  | কার্য সম্পাদন সূচক সমূহ  | একক         | ভিত্তি বছর | প্রকৃত*<br>২০১৭-১৮ | লক্ষ্যমাত্রা<br>২০১৮-১৯ | প্রক্ষেপন |         | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে<br>যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত<br>মন্ত্রণালয়/বিভাগ/সংস্থ/আঞ্চলিক<br>কার্যালয় সমূহের নাম  | উপাত্তসূত্র                                    |
|--|--------------------------|-------------|------------|--------------------|-------------------------|-----------|---------|--|--|
|  |                          |             |            |                    |                         | ২০১৯-২০   | ২০২০-২১ |  |  |
| দেশের বস্ত্র খাতের তুলার<br>আমদানী নিত্যরতা কমবে।  | চাষকৃত তুলার জমি         | হেঃ         | ১৭,২২০     | ১৭,৩৮৮             | ১৭,৪০০                  | ১৭,৮০০    | ১৭,৮০০  | ১. কৃষি মন্ত্রণালয়<br>২. পাবর্ত্য মন্ত্রণালয়<br>৩. তুলা উন্নয়ন বোর্ডের<br>সদর দপ্তর<br>৪. পাবর্ত্য জেলা পরিষদ সমূহ<br>৫. অত্র কার্যালয়ের আওতাধীন<br>জোনাল কার্যালয় সমূহ<br>৬. পাহাড়ী তুলা গবেষণা কেন্দ্র ও<br>উপকেন্দ্র সমূহ<br>৭. তুলা উন্নয়ন বোর্ডের প্রকল্প সমূহ | মাসিক,<br>ত্রৈমাসিক ও<br>বাৎসরিক<br>প্রতিবেদন। |
|  | উত্তোলনকৃত বীজতুলা       | মেট্রিক টন  | ৪৫৬৫       | ৫০৬০               | ৭২৪০                    | ৭২৪০      | ৭২৪০    | ১. কৃষি মন্ত্রণালয়<br>২. পাবর্ত্য মন্ত্রণালয়<br>৩. তুলা উন্নয়ন বোর্ডের<br>সদর দপ্তর<br>৪. পাবর্ত্য জেলা পরিষদ সমূহ<br>৫. অত্র কার্যালয়ের আওতাধীন<br>জোনাল কার্যালয় সমূহ<br>৬. পাহাড়ী তুলা গবেষণা কেন্দ্র ও<br>উপকেন্দ্র সমূহ<br>৭. তুলা উন্নয়ন বোর্ডের প্রকল্প সমূহ | মাসিক,<br>ত্রৈমাসিক ও<br>বাৎসরিক<br>প্রতিবেদন। |
| তুলা গবেষণা ও চাষীদের মাঝে<br>মানসম্পন্ন বীজ বিতরণের মাধ্যম<br>ফলন বৃদ্ধি পাবে।  | উৎপাদিত বীজ              | মেট্রিক টন  | ১২,৫৬      | ১৫,৮৮              | ৭৩                      | ৭৫        | ৭৫      | ১. কৃষি মন্ত্রণালয়<br>২. পাবর্ত্য মন্ত্রণালয়<br>৩. তুলা উন্নয়ন বোর্ডের<br>সদর দপ্তর<br>৪. পাবর্ত্য জেলা পরিষদ সমূহ<br>৫. অত্র কার্যালয়ের আওতাধীন<br>জোনাল কার্যালয় সমূহ<br>৬. পাহাড়ী তুলা গবেষণা কেন্দ্র ও<br>উপকেন্দ্র সমূহ<br>৭. তুলা উন্নয়ন বোর্ডের প্রকল্প সমূহ | মাসিক,<br>ত্রৈমাসিক ও<br>বাৎসরিক<br>প্রতিবেদন। |
|  | বিতরণকৃত বীজ             | মেট্রিক টন  | ১৬,০০      | ১৭,০৫              | ৫৪,২৪                   | ৫৫        | ৫৫      | ১. কৃষি মন্ত্রণালয়<br>২. পাবর্ত্য মন্ত্রণালয়<br>৩. তুলা উন্নয়ন বোর্ডের<br>সদর দপ্তর<br>৪. পাবর্ত্য জেলা পরিষদ সমূহ<br>৫. অত্র কার্যালয়ের আওতাধীন<br>জোনাল কার্যালয় সমূহ<br>৬. পাহাড়ী তুলা গবেষণা কেন্দ্র ও<br>উপকেন্দ্র সমূহ<br>৭. তুলা উন্নয়ন বোর্ডের প্রকল্প সমূহ | মাসিক,<br>ত্রৈমাসিক ও<br>বাৎসরিক<br>প্রতিবেদন। |
| তুলাচাষের সঠিক সময়ে<br>মানসম্পন্ন কৃষি উপকরণ প্রাপ্তি<br>নিশ্চিত করণের মাধ্যমে ক্ষুদ্র ও<br>বর্গাচাষীদের আর্থ-সামাজিক<br>উন্নয়ন হবে। | বিতরণকৃত বিভাগীয়<br>খান | টাকা (লক্ষ) | ৮.০০       | ৯.৭২               | ১২                      | ১৪        | ১৫      | ১. কৃষি মন্ত্রণালয়<br>২. পাবর্ত্য মন্ত্রণালয়<br>৩. তুলা উন্নয়ন বোর্ডের<br>সদর দপ্তর<br>৪. পাবর্ত্য জেলা পরিষদ সমূহ<br>৫. অত্র কার্যালয়ের আওতাধীন<br>জোনাল কার্যালয় সমূহ<br>৬. পাহাড়ী তুলা গবেষণা কেন্দ্র ও<br>উপকেন্দ্র সমূহ<br>৭. তুলা উন্নয়ন বোর্ডের প্রকল্প সমূহ | মাসিক,<br>ত্রৈমাসিক ও<br>বাৎসরিক<br>প্রতিবেদন। |

